# বীজ প্রত্যয়ন এজেন্সী, রাজশাহী অঞ্চল, রাজশাহী এর বিভাগীয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব ড. মোঃ মোতালেব হোসেন

আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার, রাজশাহী অঞ্চল, রাজশাহী।

স্থান : সম্মেলন কক্ষ, আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসারের কার্যালয়, রাজশাহী।

তারিখ : ১১-০৩-২০২৫ খ্রিঃ

সময় : সকাল ১০.০০ ঘটিকা

উপস্থিত সদস্যগণ : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১. জনাব আবু সাদাত মোহাম্মদ তোয়াব, সহকারী আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
০২. জনাব মোঃ মনজুর রহমান, জেলা বীজ প্রত্যয়ন অফিসার, নওগাঁ।
০৩. জনাব মুহম্মদ আরশেদ আলী চৌধুরী, জেলা বীজ প্রত্যয়ন অফিসার, সিরাজগঞ্জ।
০৪. জনাব মোঃ শামীম ইকবাল, জেলা বীজ প্রত্যয়ন অফিসার, চাঁপাইনবাবগঞ্জ।
০৫. জনাব মোঃ সাজ্জাদ হোসেন, জেলা বীজ প্রত্যয়ন অফিসার, রাজশাহী।
০৬. জনাব মোঃ রাকিবুল হাসান, জেলা বীজ প্রত্যয়ন অফিসার, নাটোর।
০৭. সবুজ কুমার সাহা, জেলা বীজ প্রত্যয়ন অফিসার (ভাঃ), পাবনা।
০৮. মোছাঃ হুসনা ইয়াসমিন, বহিরাংগন অফিসার, রাজশাহী।
০৯. মোছাঃ কানিজ তাসনোভা, বহিরাংগন অফিসার, চাঁপাইনবাবগঞ্জ।
১০. মোঃ আদনান বাবু, বহিরাংগন অফিসার, বগুড়া।
১১. জনাব সেয়দ রেজা-ই-মাহমুদ, বহিরাংগন অফিসার, নওগাঁ।
১২. জনাব এম শামীম রহমান, বীজ বিশ্লেষক, আঞ্চলিক বীজ পরীক্ষাগার, ঈশ্বরদী, পাবনা।
১৩. জনাব হাসান মাহমুদ, বীজ প্রত্যয়ন অফিসার, পাবনা।

অদ্যকার সভার সভাপতি আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার, রাজশাহী অঞ্চল, রাজশাহী কর্তৃক উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবকে আহ্বান জানান। সদস্য সচিব সকলকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি মোতাবেক সভা শুরু করেন। বিস্তারিত আলোচনার পর নিম্ন বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য সূচী | পর্যালোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | সময়মত দপ্তরে উপস্থিতি | নিজ দপ্তরে সময়মত উপস্থিতি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সভায় প্রশাসন শাখা, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর কার্যালয়ের ১৬/০১/২০২৫ তারিখের ১২.০৪.০০০০.০০৫.৯৯.০০৩.২৩.১৩৫ নং স্মারকের পত্রটি বিস্তারিত আলোচান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়-<br>আঞ্চলিক এবং জেলা পর্যায়ের সকল কর্মকর্তা ও কর্মচারীকে সময়মত অফিসে উপস্থিত হতে হবে। তাছাড়া সকল কর্মকর্তাকে জেলাধীন ভ্রমণের ক্ষেত্রে সকাল ৯.০০ টা হতে ৯.৪০ মিনিট পর্যন্ত অফিসে অবস্থান করে তারপর মাঠ পরিদর্শন এ যাওয়ার সিদ্ধান্ত হয়। |
| ০২ | মার্কেট মনিটরিং সংক্রান্ত কার্যক্রম পরিচালনা | বীজে ভেজাল প্রতিরোধে মার্কেট মনিটরিং কার্যক্রম জোরদারকরণ মাসিক প্রতিবেদন পূরণ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। | বীজে ভেজাল প্রতিরোধে মার্কেট মনিটরিং জোরদারকরণ সহ মোবাইল কোর্ট পরিচালনার ব্যবস্থা গ্রহণের আহবান জানানো হয়। প্রয়োজনে জেলা ও উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সাথে সমন্বয় করে মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। বীজে ভেজাল প্রতিরোধে মার্কেট মনিটরিং কার্যক্রম জোরদারকরণ মাসিক প্রতিবেদনের ক্ষেত্রে কোন কার্যক্রম না থাকলেও রিপোর্ট প্রদান করতে হবে। তবে মন্তব্যের কলামে এ পর্যন্ত খরচসহ অন্যান্য কার্যক্রমের বিষয়ে উল্লেখ করতে হবে। |
| ০৩ | ওয়েব পোর্টাল এবং পিডিএস হালনাগাদকরণ | স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল এবং কর্মকর্তা ও কর্মচারীদের পিডিএস হালনাগাদকরণ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। | ওয়েব পোর্টাল সম্পর্কিত বিস্তারিত আলোচান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়-<br># প্রত্যেক দপ্তরের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করতে হবে। সেবা বক্সে আবশ্যিক হিসাবে আমাদের বিষয়ে, জাতীয় শুদ্ধাচার কৌশল, সেবা প্রদান প্রতিশ্রুতি, বার্ষিক কর্মসম্পাদনা |

| | | | |
|---|---|---|---|
| | | | ব্যবস্থাপনা, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও তথ্য অধিকার এই ০৬ টি সেবা বক্স থাকতে হবে এবং প্রতিটি সেবা বক্সের অধীনে আবশ্যিক ভাবে ০৪ টি ক্যাপশন একটিভ থাকতে হবে। <br># ওয়েব পোর্টালের ডান পার্শ্বে অফিস প্রধানের ছবি সংযুক্ত করে তাঁর জীবন বৃত্তান্ত লিংক করে দিতে হবে। <br># সদস্য সচিব সভায় জানান যে, কর্মকর্তাদের পাশাপাশি রাজশাহী অঞ্চলের সকল কর্মচারীদেরও পাসোনাল ডাটা সীট (পিডিএস) চালু করা হয়েছে। যেসকল কর্মকর্তা এবং কর্মচারীদের পিডিএস হালনাগাদ নেই তাদের দ্রুত পিডিএস হালনাগাদকরণ করার সিদ্ধান্ত হয়। |
| ০৪ | নির্ধারিত সময়ে প্রতিবেদন এবং টিএ বিল দাখিল | বিভিন্ন মাসিক প্রতিবেদ ও টিএ বিল দাখিল সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। | সদস্য সচিব উপস্থাপন করেন যে, প্রত্যেক জেলা বীজ প্রত্যয়ন অফিস থেকে নির্দিষ্ট সময়ে এবং নির্দিষ্ট ছকে প্রতিবেদন দাখিল করতে হয়। অঞ্চলের সকল জেলার প্রতিবেদন একত্রিত করে তা আবার অত্র অফিস থেকে বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুরে প্রেরণ করতে হয়। অনেক সময় প্রতিবেদন সময়মত আসেনা। আবার অনেক সময় প্রতিবেদন ভুল কিংবা নির্ধারিত ছকে না পাঠিয়ে ভিন্ন ছকে পাঠানো হয়। এরফলে প্রতিবেদন অত্র অফিস থেকে বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুরে প্রেরণ করতে বিলম্ব হয়। বিস্তারিত আলোচান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়- <br>➢ বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক নির্ধারিত সময় এবং নির্ধারিত ছকে প্রতিবেদন দাখিল করতে হবে। <br>➢ প্রতিবেদনের যোগফল অবশ্যই সঠিক হতে হবে। <br>➢ প্রতিবেদন সর্বদা এপিএ অনুযায়ী হতে হবে। <br>➢ চলতি এপিএ তৃতীয় কোয়ার্টারের প্রতিবেদন আগামী ২৩/০৩/২০২৫ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। <br>টিএ বিল দাখিলের ক্ষেত্রে চলতি মাসের বিল পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে অনুমোদন/স্বাক্ষরের জন্য আরএসসিও অফিসে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। |

পরিশেষে সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
**(ড. মোঃ মোতালেব হোসেন)**
আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার
বীজ প্রত্যয়ন এজেন্সী,
রাজশাহী অঞ্চল, রাজশাহী ।

স্মারক নং- ১২.০৪.৫০০০.০০১.০৬.০০১.২৪. ১০৮

তারিখ: ১৩/০৩/২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১. পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
০২. জেলা বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সী, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/বগুড়া/জয়পুরহাট/পাবনা/সিরাজগঞ্জ।
০৩. বহিরাংগন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সী, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নওগাঁ/বগুড়া/পাবনা।
০৪. বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সী, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/বগুড়া/জয়পুরহাট/পাবনা/সিরাজগঞ্জ।
০৫. বীজ বিশ্লেষক/বীজ রোগতত্ত্ববিদ, আঞ্চলিক বীজ পরীক্ষাগার, ঈশ্বরদী, পাবনা।
০৬. দপ্তর নথি।

১৩/০৩/২০২৫
**(ড. মোঃ মোতালেব হোসেন)**
আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার
বীজ প্রত্যয়ন এজেন্সী,
রাজশাহী অঞ্চল, রাজশাহী ।